গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
সালিশী শাখা

শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়ের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরনী।

| | |
|---|---|
| সভাপতি | এ.কে.এম.মিজানুর রহমান<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ৩১/১২/২০২০ খ্রি: |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | শ্রম অধিদপ্তরের সভাকক্ষ |
| উপস্থিতি | শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সদস্যগণ (কপি সংযুক্ত) |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগতঃ জানিয়ে সভার কাজ শুরু করা হয়। জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সদস্য সচিব সভাপতির অনুমতিক্রমে সভার কার্যপত্র এবং ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর) এর খসড়া প্রতিবেদন উপস্থাপন করেন। উক্ত খসড়া প্রতিবেদনের বিভিন্ন কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনান্তে **নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ**

১। বিষয় ও আলোচনাঃ ২.১ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা ।
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসেবে অংশীজনের অংশগ্রহণে শ্রম অধিদপ্তরের কর্মকর্তা, আঞ্চলিক/মাঠ পর্যায়ের কর্মকর্তা ও শিল্প সেক্টরের মালিকপক্ষ এবং শ্রমিকপক্ষের প্রতিনিধিদের সমন্বয়ে একটি সভার আয়োজন করতে হবে।

সিদ্ধান্তঃ **সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণের সভা আগামী ৩য় কোয়ার্টার(জানুয়ারী- মার্চ) এর মধ্যে সম্পন্ন করবে।**

বাস্তবায়নকারীঃ পরিচালক (ট্রেড ইউনিয়ন, সালিসী ও প্রশিক্ষন)।

২। বিষয় ও আলোচনাঃ ৩.১ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অধ্যায়: ১৩,১৪ বাস্তবায়ন।
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২১ অনুযায়ী বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অধ্যায়: ১৩, ১৪ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে এ সংক্রান্ত প্রতিবেদন প্রতি কোয়ার্টারে দাখিল করতে হবে।

সিদ্ধান্তঃ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫/০১/২০২১ তারিখের মধ্যে অত্র দপ্তরে দাখিল করবে।

বাস্তবায়নকারীঃ পরিচালক, ট্রেড ইউনিয়ন শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। বিষয় ও আলোচনাঃ ৩.২ বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ধারা ১৬৭-২০২ পর্যন্ত বাস্তবায়ন।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ধারা ১৬৭-২০২যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে এ সংক্রান্ত প্রতিবেদন প্রতি কোয়ার্টারে দাখিল করতে হবে।

সিদ্ধান্তঃ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫/০১/২০২১ তারিখের মধ্যে অত্র দপ্তরে দাখিল করবে।

বাস্তবায়নকারীঃ পরিচালক, ট্রেড ইউনিয়ন শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৪। <u>বিষয় ও আলোচনাঃ</u> স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদকরণ।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর,২০২০) অনুযায়ী স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদ করতে হবে।

<u>সিদ্ধান্তঃ</u> জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা২০২০-২১ এর ২য় কোয়ার্টার (অক্টোবর- ডিসেম্বর,২০২০) অনুযায়ী শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদ করে আগামী ১৫/০১/২০২১ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করবে।

<u>বাস্তবায়নকারীঃ</u> শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, তথ্য অধিকার কর্মকর্তা, অভিযোগ নিস্পত্তিকারী কর্মকর্তা এবং সহকারী পরিচালক তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৫। <u>বিষয় ও আলোচনাঃ</u> ৫.২ অনলাইন সিস্টেমে অভিযোগ নিস্পত্তিকরণ।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২১ অনুযায়ী ২য় কোয়ার্টারে (অক্টোবর- ডিসেম্বর) যথাযথভাবে অনলাইন সিস্টেমে অভিযোগ নিস্পত্তি করতে হবে।

<u>সিদ্ধান্তঃ</u> অনলাইন সিস্টেমে দাখিলকৃত অভিযোগের ৮০% অভিযোগ নিস্পত্তি করে আগামী ১৫/০১/২০২১ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করবে।

<u>বাস্তবায়নকারীঃ</u> অভিযোগ নিস্পত্তিকারী কর্মকর্তা, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৬। <u>বিষয় ও আলোচনাঃ</u> অনলাইন সিস্টেমে অভিযোগ গ্রহণের কার্যক্রম চালুকরণ।

অনলাইন অভিযোগ গ্রহণের কার্যক্রম সিস্টেমটি চালু নয়। অনলাইন সিস্টেমে অভিযোগ গ্রহণের কার্যক্রম চালু করার জন্য তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল' কে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্তঃ তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল অতি দ্রুত অনলাইন সিস্টেমে অভিযোগ গ্রহণের কার্যক্রম চালুকরণের ব্যবস্থা গ্রহণ করবে।

<u>বাস্তবায়নকারীঃ</u> পরিচালক, তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৭। <u>বিষয় ও আলোচনাঃ</u> ৬.২ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২১ অনুযায়ী ২য় কোয়ার্টারে (অক্টোবর- ডিসেম্বর) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদন **(কমপক্ষে ০২টি )** দাখিল করতে হবে।

<u>সিদ্ধান্তঃ</u> প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদন আগামী ১৫/০১/২০২১খ্রি: তারিখের মধ্যে দাখিল করবে।

<u>বাস্তবায়নকারীঃ</u> প্রকল্প কর্মকর্তা, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৮। <u>বিষয় ও আলোচনাঃ</u> ৬.৩প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন।

প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনে ২য় কোয়ার্টার (অক্টোবর- ডিসেম্বর) এ উল্লিখিত সুপারিশের ৮০% বাস্তবায়িত করে অত্র দপ্তরে দাখিল করতে হবে।

<u>সিদ্ধান্তঃ</u> **প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ** প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন করে আগামী ১৫/০১/২০২১খ্রি: তারিখের মধ্যে অত্র দপ্তরে দাখিল করবে।

বাস্তবায়নকারীঃ প্রকল্প কর্মকর্তা, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৯। বিষয় ও আলোচনাঃ ৭.২ ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন।

ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন করার জন্য সাধারন শাখা' কে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্তঃ ক্রয়কার্যের ৪০% ই-টেন্ডারের মাধ্যমে জুন'২০২১ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

বাস্তবায়নকারীঃ পরিচালক( সাধারন ও হিসাব), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

১০। বিষয় ও আলোচনাঃ ৮.১ স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন/হালনাগাদকরণ ও বাস্তবায়ন।

স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন/হালনাগাদকরণ ও ১০০% বাস্তবায়ন করে প্রতিবেদন অত্র দপ্তরে দাখিল করতে হবে।

সিদ্ধান্তঃ ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন এবং বিনামূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ বিতরণ কার্যক্রমের প্রতিবেদন আগামী ১৫/০১/২০২১খ্রি: তারিখের মধ্যে অত্র দপ্তরে দাখিল করবে।

বাস্তবায়নকারীঃ পরিচালক প্রশাসন, পরিচালক ট্রেড ইউনিয়ন এবং পরিচালক মেডিকেল, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

১১। বিষয় ও আলোচনাঃ ৮.৩ শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিসের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন।
শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিসের পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত সুপারিশ প্রতি কোয়ার্টারে ৮০% বাস্তবায়ন করতে হবে।

সিদ্ধান্তঃ শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিসের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত করে আগামী ১৫/০২/২০২১ তারিখের মধ্যে অত্র দপ্তরে দাখিল করবে।

বাস্তবায়নকারীঃ পরিদর্শনকৃত অফিসের অফিস প্রধান ।

১২। বিষয় ও আলোচনাঃ ৮.৪ সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণী বিন্যাসকরণ।
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী ২য় কোয়ার্টার(অক্টোবর-ডিসেম্বর) এর মধ্যে ১০০% নথির শ্রেণী বিন্যাস করতে হবে।

সিদ্ধান্তঃ নথি শ্রেণী বিন্যাসকরণ প্রতিবেদন আগামী ১৫/০১/২০২১ তারিখের মধ্যে অত্র দপ্তরে দাখিল করবে।

বাস্তবায়নকারীঃ পরিচালক প্রশাসন/ ট্রেড ইউনিয়ন/পরিকল্পনা/মেডিকেল, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

১৩। বিষয় ও আলোচনাঃ ৮.৫ শ্রেণীবিন্যাসকৃত নথি বিনষ্টকরণ।
শ্রেণীবিন্যাসকৃত নথি বিনষ্টকরণের কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রশাসন শাখা' কে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্তঃ নথি বিনষ্টকরণের কার্যক্রম আগামী জুন'২০২১ এর মধ্যে ১০০% সম্পন্ন করবে।

বাস্তবায়নকারীঃ পরিচালক (প্রশাসন), প্রশাসনিক কর্মকর্তা এবং সকল শাখা প্রধান, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

১৪। বিষয় ও আলোচনাঃ ৮.৬ প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন।
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী ২য় কোয়ার্টার(অক্টোবর-ডিসেম্বর) এর মধ্যে ০৩ টি প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন করতে হবে।

সিদ্ধান্তঃ উপ পরিচালক(সালিসী)০৩ টি প্রাতিষ্ঠানিক গণশুনানীর প্রতিবেদন আগামী ১৫/০১/২০২১খ্রি: তারিখের মধ্যে অত্র দপ্তরে দাখিল করবে।

বাস্তবায়নকারীঃ সালিসী শাখা, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

১৫। বিষয় ও আলোচনাঃ ৯.২ বকেয়া বিদ্যুৎ, পানি ও জ্বালানী বিল প্রদান এবং সাশ্রয়ী/ সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ।

বকেয়া বিদ্যুৎ, পানি ও জ্বালানী বিল প্রদান এবং সাশ্রয়ী/ সর্বোত্তম ব্যবহার ১০০% নিশ্চিত করতে হবে।

সিদ্ধান্তঃ বকেয়া বিদ্যুৎ, পানি ও জ্বালানী বিল প্রদান এবং সাশ্রয়ী/ সর্বোত্তম ব্যবহার ১০০% নিশ্চিতকরণের প্রতিবেদন আগামী ১৫/০১/২০২১খ্রি: তারিখের মধ্যে অত্র দপ্তরে দাখিল করবে।

বাস্তবায়নকারীঃ পরিচালক(প্রশাসন), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

১৬।বিষয় ও আলোচনাঃ ৯.৩ শ্রমিকের স্বাস্থ্য কথা এ্যাপসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরনের লক্ষ্যে সচেতনতা বৃদ্ধিকরণ ও মনিটরিং।

শ্রমিকের স্বাস্থ্য কথা এ্যাপসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরনের লক্ষ্যে সচেতনতা বৃদ্ধি ও ১০০% মনিটরিং বাস্তবায়ন করতে হবে।

সিদ্ধান্তঃ শ্রমিকের স্বাস্থ্য কথা এ্যাপসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরনের লক্ষ্যে সচেতনতা বৃদ্ধিকরণ ও মনিটরিং এর

বাস্তবায়ন প্রতিবেদন আগামী ১৫/০১/২০২১খ্রি: তারিখের মধ্যে অত্র দপ্তরে দাখিল করবে।

বাস্তবায়নকারীঃ পরিচালক(প্রশাসন), পরিচালক (মেডিকেল) এবং পরিচালক( তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল ), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

১৭। বিষয় ও আলোচনাঃ ৯.৪ পি আর এল সংক্রান্ত কার্যক্রম যথাসময়ে সম্পাদন।
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী ২য় কোয়ার্টার(অক্টোবর-ডিসেম্বর) এর পি আর এল সংক্রান্ত কার্যক্রম যথাসময়ে ১০০% সম্পাদন ও নিস্পত্তি করতে হবে।
সিদ্ধান্তঃ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫/১/২০২১খ্রি: তারিখের মধ্যে অত্র দপ্তরে দাখিল করবে।
বাস্তবায়নকারীঃ পরিচালক(প্রশাসন), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

১৮। বিষয় ও আলোচনাঃ ৯.৫ যৌথ দরকষাকষি প্রতিনিধি (সিবিএ)নির্ধারণী নির্বাচন নিশ্চিতকরণ ।
যৌথ দরকষাকষি প্রতিনিধি (সিবিএ)নির্ধারণী নির্বাচন সম্পন্ন করতে হবে।
সিদ্ধান্তঃ যৌথ দরকষাকষি প্রতিনিধি (সিবিএ)নির্ধারণী নির্বাচন বাস্তবায়ন প্রতিবেদন আগামী ১৫/০১/২০২১খ্রি: তারিখের মধ্যে অত্র দপ্তরে দাখিল করবে।
বাস্তবায়নকারীঃ পরিচালক(ট্রেড ইউনিয়ন ), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১৯।বিষয় ও আলোচনাঃ ১১.১ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভূক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি)।

কর্ম-পরিবেশ উন্নয়নে টিওএন্ডইভূক্ত অকেজো মালামাল বিনষ্ট করার জন্য প্রশাসন শাখা' কে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্তঃ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভূক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) কার্যক্রম আগামী জুন'২০২১ এর মধ্যে ১০০% সম্পন্ন করবে।

বাস্তবায়নকারীঃ পরিচালক(প্রশাসন), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

২০। বিষয় ও আলোচনাঃ ১৩.২ নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর) এর প্রতিবেদন অনুমোদন করে স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে।

পরিবীক্ষণ কাঠামো ২০২০-২০২১ এর ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর) প্রতিবেদন অনুমোদন করতঃ মন্ত্রণালয়েপ্রেরণ ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করবে।

বাস্তবায়নকারীঃ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সহকারী পরিচালক(তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এ.কে.এম.মিজানুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৬.৯৯.০৩১.১৩.১২

তারিখ: ২৬ পৌষ ১৪২৭
১০ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব (সমন্বয় ও আদালত), সমন্বয় ও আদালত অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর

৩) উপসচিব, সমন্বয় শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৪) পরিচালক, প্রশাসন, হিসাব ও সাধারন / ট্রেড ইউনিয়ন, সালিশী ও প্রশিক্ষন / পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি / মেডিকেল, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ।

৫) উপ পরিচালক, প্রশাসন / ট্রেড ইউনিয়ন / পরিকল্পনা, উন্নয়ন ও পরিসংখ্যান / সালিশী ও প্রশিক্ষণ / হিসাব ও সাধারন / শ্রম কল্যাণ ও বিনোদন / শুদ্ধাচার ও বিবিধ, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ।

৬) সহকারী পরিচালক, প্রশাসন / ট্রেড ইউনিয়ন / উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান / প্রশিক্ষণ / হিসাব / সাধারন / সালিশী, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ।

৭) সহকারী পরিচালক , তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল , শ্রম অধিদপ্তর (ওয়েবসাইট এবং শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)

৮) প্রশাসনিক কর্মকর্তা (চলতি দায়িত্ব), প্রশাসন/সংস্থাপন শাখা, শ্রম অধিদপ্তর

৯) শাখা প্রধান, প্রশাসন / ট্রেড ইউনিয়ন / হিসাব / সাধারন / পরিকল্পনা, উন্নয়ন ও পরিসংখ্যান / সালিশী / প্রশিক্ষন / চিকিৎসা ও পরিবার পরিকল্পনা / শ্রম কল্যাণ ও বিনোদন শাখা, শ্রম অধিদপ্তর ।

মিনু আফরোজ
উপ পরিচালক (শুদ্ধাচার ও বিবিধ)